দৈনিক
ইত্তেফাক

দৈনিক
ইত্তেফাক

তারিখ ...... 6 MAR 2009
পৃষ্ঠা ...... ৩ ...... কলাম ...... ৭ ......

# 'দেশের শিক্ষা পদ্ধতি ও পাঠ্যপুস্তক সফটওয়্যারের অন্তর্ভুক্ত করা জরুরি'

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

জাতীয় শিশু দিবস ২০০৯ উপলক্ষে কেন্দ্রীয় খেলাঘর আসর আয়োজিত 'তথ্য প্রযুক্তি সমৃদ্ধ শিশুদের প্রত্যাশিত বাংলাদেশ' শীর্ষক গোলটেবিল বৈঠকে বক্তারা বলেছেন, তথ্য প্রযুক্তি সমৃদ্ধ শিশুদের প্রত্যাশিত বাংলাদেশ গড়তে প্রথমত সরকার যে পদ্ধতিতে কাজ করে তা পরিবর্তন করে ডিজিটাল পদ্ধতিতে করতে হবে। দেশের শিক্ষাপদ্ধতি ও সমস্ত পাঠ্য পুস্তককে সফটওয়্যারের অন্তর্ভুক্ত করা জরুরি। এই ব্যবস্থা করতে না পারলে দেশে শিক্ষিত বেকারের সংখ্যা বেড়ে যাবে। বক্তারা দেশের প্রতিটি শিশুর হাতে কম্পিউটার তুলে দেয়ারও দাবি জানান। গতকাল বৃহস্পতিবার বিকেলে রাজধানীর পুরানা পল্টন মনিসিংহ ফরহাদ স্মৃতি ট্রাস্ট ভবনের সেমিনার কক্ষে আয়োজিত গোলটেবিল বৈঠকে কেন্দ্রীয় খেলাঘরের চেয়ারম্যান অধ্যাপিকা পান্না কায়সার সভাপতিত্ব করেন। মূল বক্তব্য উপস্থাপন করেন বাংলাদেশ কম্পিউটার সমিতির সভাপতি মোস্তাফা জব্বার। আলোচক হিসেবে উপস্থিত ছিলেন অর্থনীতিবিদ ড. আতিউর রহমান, আইইউবি অধ্যাপক মোহাম্মদ আলী আরাফাত, ব্র্যাক বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক জিল্লুর রহমান। গোলটেবিল বৈঠকটি পরিচালনা করেন খেলাঘর কেন্দ্রীয় কমিটির সাধারণ সম্পাদক আবদুল মতিন ভূঁইয়া।